বাংলাদেশের
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়
অডিট ভবন
৭৭/৭, কাকরাইল, ঢাকা-১০০০।
www.cag.org.bd

নং- সিএজি/পরীক্ষা-৩/বিবিধ/খন্ড-৯/৭৪ তারিখঃ-১৮.০৭.২০১৮ খ্রিঃ।

....
....
....
....

বিষয়ঃ **এসএএস/এসআরএএস ১ম পর্ব পরীক্ষা-২০১৮।**

০১. এসএএস পরীক্ষার প্রার্থী বাছাইকালে সিএন্ডএজি এর এমএসও এর ১৫২ ও ১৫৫ অনুচ্ছেদ,২৮.০২.১৯৭৯ খ্রিঃ তারিখের স্মারক নং-সিএজি/পরীক্ষা-১৫/ভল্যুম-২/৯৭০,১৩.১১.১৯৮৪ খ্রিঃ তারিখের স্মারক নং-সিএজি/পরীক্ষা-১৪/১৭৯৩ ও ১০.১১.১৯৮৮খ্রিঃ তারিখের সার্কুলার নং-সিএজি/পরীক্ষা-১৪/২২৯০ এ বর্ণিত বিধানাবলী এবং এসআরএএস পরীক্ষার প্রার্থী বাছাইকালে রেলওয়ে একাউন্টস্ কোড ভল্যুম-১ এর এপেনডিক্স-৩ এর আইটেম ৬ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

০২. উক্ত পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক পরীক্ষার্থীগণের নামের তালিকা নির্ধারিত ছকে (এম.এস.ও ফরম-৪ সংশোধিত নমুনা সংযুক্ত) ফুলস্কেপ সাইজ কাগজে ডাবল স্পেস রেখে প্রনয়ন করতঃ তাতে এমএসও ফরম নং-৪ এর সনদগুলো যথাযথভাবে প্রদান করে এর তিন কপি, কোন পরীক্ষার্থী না থাকলে শূন্য প্রতিবেদন আগামী ১৬.০৮.২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে সিএজি কার্যালয়ে বিশেষ বাহক/রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণ করতে হবে। উল্লেখ্য পরীক্ষা শুধুমাত্র ঢাকা কেন্দ্রে অনুষ্ঠিত হবে। উল্লিখিত তারিখের পর কোন তালিকা বা সম্পূরক তালিকা গ্রহণ করা হবে না এবং এতদসংক্রান্ত পৃথক কোন আবেদনপত্রও সুপারিশ করে সিএজি কার্যালয়ে প্রেরণ করা যাবে না। **তালিকা প্রেরণের সময় পুরাতন পরীক্ষার্থী ও নতুন পরীক্ষার্থীগণের তালিকা পৃথকভাবে প্রনয়ন করে প্রেরণ করতে হবে।**

০৩. পরীক্ষার্থীগণের তালিকা প্রস্তুত কালে নির্ধারিত ছকের (এম.এস.ও. ফরম-৪) ৮ নম্বর কলাম পূরণের ক্ষেত্রে অব্যাহতি প্রাপ্ত বিষয়ের নাম (প্রতি বিষয়ের জন্য আলাদা ক্রমিক নং প্রদান করে) রোল নম্বর ও বৎসর অবশ্যই নির্ভুলভাবে এবং অত্যন্ত সতর্কতার সাথে উল্লেখ করতে হবে।

০৪. এসএএস/এসআরএএস ১ম পর্ব পরীক্ষা ফি বাবদ প্রার্থী প্রতি-৫০০/-(পাচঁশত) টাকা হারে ১/১০০১/০০০১/২০৩১- পরীক্ষার ফি খাতে সরকারি কোষাগারে জমা দিয়ে চালানের মূলকপি এবং প্রত্যেক পরীক্ষার্থীর এক কপি নমুনা স্বাক্ষর অফিস প্রধান কর্তৃক প্রত্যয়ন পূর্বক পরীক্ষার্থীগণের তালিকার সাথে পাঠাতে হবে।

০৫. রেজিস্ট্রেশন কার্ডের একটি নমুনা ফরম এতদসঙ্গে প্রেরণ করা হল। প্রত্যেক নতুন পরীক্ষার্থীর পাসপোর্ট সাইজের সদ্য তোলা এক কপি সত্যায়িত ছবি রেজিস্ট্রেশন কার্ডের নির্ধারিত স্থানে আঠা দিয়ে এবং এক কপি স্ট্যাম্প সাইজের সত্যায়িত ছবি পৃথকভাবে স্ট্যাপলার দিয়ে সংযুক্তকরতঃ রেজিস্ট্রেশন কার্ডের নমুনা ফরমে বর্ণিত তথ্যাদি পূরণ করে পরীক্ষার্থীর স্বাক্ষর এবং অফিস প্রধানের স্বাক্ষরসহ পরীক্ষার্থী তালিকার সাথে প্রেরণ করতে হবে। পূর্ব হতে রেজিস্ট্রেশন নম্বর প্রাপ্ত পরীক্ষার্থীগণের পুনরায় রেজিস্ট্রেশন কার্ড পূরণ করার প্রয়োজন নেই। তবে তাদেরকে পূর্ব প্রাপ্ত রেজিস্ট্রেশন কার্ডেও ফটোকপি অবশ্যই পরীক্ষার্থী তালিকার সাথে প্রেরণ করতে হবে। অধিকন্তু পরীক্ষার হলে নতুন-পুরাতন সকল পরীক্ষার্থীকেই রেজিস্ট্রেশন কার্ড (ছবিসহ) দেখাতে হবে। রেজিস্ট্রেশন কার্ডে যথা নিয়মে ছবি সংযুক্ত করা না হলে কোন পরীক্ষার্থীকে প্রবেশপত্র সরবরাহ করা হবে না।

০৬. পরীক্ষার্থীগণের প্রবেশপত্রের একটি নমুনা এতদসঙ্গে প্রেরণ করা হল। এ কার্যালয় হতে প্রেরিত প্রবেশপত্রের নমুনার সকল বিষয়বস্তু ও নির্দেশাবলীর সাথে হুবুহু মিল রেখে প্রবেশপত্র ফরম তৈরি করতে হবে। প্রত্যেক পরীক্ষার্থীর জন্য একটি করে ফরমে পরীক্ষার্থীর নাম ও অফিসের নাম যথাস্থানে পূরণ করতঃ নমুনা স্বাক্ষরের স্থানে স্বাক্ষর নিয়ে তা সত্যায়িত করে এ অফিসে প্রেরণ করতে হবে।

০৭. হল প্রাপ্তি সাপেক্ষে এসএএস/এসআরএএস ১ম পর্ব পরীক্ষার সুনির্দিষ্ট তারিখসহ প্রোগ্রাম যথাসময়ে জানানো হবে।

০৮. পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক প্রার্থীর জন্য তার আবেদনে উল্লিখিত প্রত্যেক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক। অনুপস্থিত পরীক্ষার্থীগণের ক্ষেত্রে অনুপস্থিতির সঠিক কারণ (প্রমানাদিসহ) পরীক্ষা সমাপ্তির ৭ দিনের মধ্যে পরীক্ষার্থী কর্তৃক নিজ কার্যালয়ে এবং পরীক্ষা সমাপ্তির ১ মাসের মধ্যে মন্তব্যসহ সংশ্লিষ্ট অফিস প্রধান কর্তৃক তা সিএজি কার্যালয়ে প্রেরণ করতে হবে। অনুপস্থিতির কারণ সিএজি কার্যালয়ের নিকট গ্রহণযোগ্য বিবেচিত না হলে অনুপস্থিত পরীক্ষার্থীগণকে পরবর্তী ২টি পরীক্ষায় অংশগ্রহনের সুযোগ হতে বিরত রাখা হবে।

০৯. জুলাই/২০১৪ এবং মে/২০১৭ মাসে অনুষ্ঠিত এসএএস/এসআরএএস ১ম পর্ব পরীক্ষায় অনুপস্থিত যে সকল পরীক্ষার্থীকে পরবর্তী ২টি/১টি পরীক্ষায় অংশগ্রহণ করা হতে বিরত রাখার নির্দেশ দেয়া হয়েছে, শাস্তি মওকুফ করা না হলে তাদের কারও নাম পরীক্ষার্থী তালিকায় অন্তর্ভুক্ত করা যাবে না।

১০. পরীক্ষায় অংশ গ্রহণেচ্ছুক প্রার্থীদের অবগতির নিমিত্তে এ সার্কুলার যথাযথভাবে প্রচার করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হল।

১১. প্রত্যক অফিসের পরীক্ষায় অংশ গ্রহনেচ্ছুক পরীক্ষার্থীর একটি তালিকায় **sutonny MJ font(সুতনি এমজে ফন্ট)** এ **CD** করে প্রেরণ করতে হবে।

১৭.০৭.১৮

(মোহাম্মদ আবুল হাফেজ)
সহকারী মহা হিসাব নিরীক্ষ ও নিয়ন্ত্রক
(পরীক্ষা ও পরিদর্শন)
ফোনঃ ৯৩৪৬৬০৯।

বাংলাদেশের
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়
অডিট ভবন
৭৭/৭, কাকরাইল, ঢাকা।

এসএএস/এসআরএএস ১ম পর্ব পরীক্ষা

পাসপোর্ট সাইজের ১ কপি সত্যায়িত ছবি (আঠা দিয়া সংযুক্ত করুন)

রেজিস্ট্রেশন কার্ড

পরীক্ষার্থীর নাম ঃ ....

পদবী ঃ ....

পিতার নাম ঃ ....

মাতার নাম ঃ ....

জন্ম তারিখ ঃ ....

সরকারী চাকুরীতে প্রথম যোগদানকৃত অফিসের নাম, পদবী ও তারিখ ঃ ....

....

বর্তমানে কর্মরত অফিসের নাম ঃ..

রেজিস্ট্রেশন নম্বরঃ (সিএজি কার্যালয় কর্তৃক পূরণীয়)

১						সনঃ ২০১৮ খ্রিঃ

পরীক্ষার বিষয়সমূহঃ

(১) সার-সংক্ষেপ, খসড়া, ইংরেজী কম্পোজিশন এবং বেসিক আইটি স্কিলস।

(২) চাকুরী বিধিমালা (তাত্ত্বিক ও ব্যবহারিক)।

(৩) নিরীক্ষা ও হিসাব বিধি ও পদ্ধতি (বেসামরিক, প্রতিরক্ষা, রেলওয়ে এবং পিটিএন্ডটি) তাত্ত্বিক ও ব্যবহারিক।

(৪) পারফমেন্স অডিট, ম্যানেজমেন্ট অডিট এবং কম্প্রিহেনসিভ অডিট।

পরীক্ষার্থীর স্বাক্ষর	অফিস প্রধান (স্বাক্ষর ও সীল)	এসিএজি (পরীক্ষা ও পরিদর্শন) সিএজি কার্যালয়

বিঃ দ্রঃ (১) এ রেজিস্ট্রেশন কার্ড পরীক্ষা চলাকালীন প্রতিদিন পরীক্ষার হলে সঙ্গে আনতে হবে।

(২) এসএএস/এসআরএএস ১ম পর্ব পরীক্ষায় উত্তীর্ন না হওয়া পর্যন্ত এ রেজিস্ট্রেশন কার্ড সংরক্ষণ করতে হবে।